

অক্সিজেন পার্লার

► **জামবনি:** মঙ্গলবার জামবনির
গিধনি এলোকেশী উচ্চ মাধ্যমিক
বিদ্যালয়ে অক্সিজেন পার্লার
ও কোভিড কেয়ার ইউনিটের
উদ্বোধন করলেন বিনপুরের
বিধায়ক দেবনাথ হাঁসদা।
প্রধানশিক্ষকদের সংগঠন
এএসএফএইচএম-এর উদ্যোগে
এবং একটি স্বেচ্ছাসেবী সংস্থার
সহযোগিতায় অক্সিজেন
পার্লারটি চালু করা হয়েছে।
স্কুলের প্রধানশিক্ষক দেবলীনা
দাশগুপ্ত জানান, অক্সিজেন
পার্লারটি পরিচালনার দায়িত্বে
রয়েছে স্কুলের প্রাক্তনী সংসদ।
করোনা আক্রান্তরা সেখানে
এসে বিনামূল্যে অক্সিজেন নিতে
পারবেন। সঙ্কটজনকদের বাড়িতে
গিয়েও অক্সিজেন দেওয়া হবে।
ঝাড়গ্রাম কথাকৃতি প্রযোজিত
কোভিড সচেতনতা প্রসারমূলক
নাটক 'ভয় পেও না'
অভিনীত হয়।